গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিমাসে ইনোভেশন টীমের নিয়মিত সভার ধারাবাহিকতায় ৩১.০৮.২০১৬ ইং তারিখে রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টীম এবং বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধির সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন, সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ ঃ ৩১.০৮.২০১৬ খ্রিস্টাব্দ।
সময় ঃ বিকেল ৪.০০ ঘটিকা।
স্থান ঃ সচিব মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-২০৪)

২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় বর্ণনা করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসারকে আহ্বান করেন। অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি মাসে ইনোভেশন টীমের সভা করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। এরই ধারাবাহিকতায় ইনোভেশন টীমের আজকের সভার আয়োজন করা হয়েছে। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	রেলওয়েতে মুক্তিযুদ্ধ ভাস্কর্য/স্মৃতিস্তম্ভ তৈরী করা হবে এবং রেলওয়ের কর্মকর্তা/কর্মচারীর মধ্যে থেকে সকল মুক্তিযোদ্ধা/শহীদদের নামের তালিকা প্রস্তুত করে স্মৃতিস্তম্ভে প্রদর্শন করার জন্য সভায় আলোচনা হয়। এ বিষয়ে একটি কমিটি গঠনের জন্য আলোচনা হয়।	রেলওয়েতে মুক্তিযুদ্ধ ভাস্কর্য/স্মৃতিস্তম্ভ তৈরী এবং রেলওয়ের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সকল মুক্তিযোদ্ধা/শহীদদের নামের তালিকা প্রস্তুত করে স্মৃতিস্তম্ভে নামফলক স্থাপন করতে হবে। এ বিষয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হয়। ১। সচিব, রেলপথ মন্ত্রণালয়- উপদেষ্টা। ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে- উপদেষ্টা। ৩। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে- আহবায়ক। ৪। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম), চট্টগ্রাম। ৫। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম), সৈয়দপুর।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক, (আরএস), বাংলাদেশ রেলওয়ে ৩। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম), চট্টগ্রাম। ৪। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম), সৈয়দপুর।

825

০২	একজন যাত্রী যাতে প্রতি সাত দিন সময়ের মধ্যে একবারের বেশী ট্রেনের টিকিট ক্রয় করতে না পারে সেজন্য Biometric System চালুর মাধ্যমে টিকিট বিক্রির বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ রেলওয়ের Biometric System ব্যবহারের মাধ্যমে ট্রেনের টিকিট বিক্রির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে
০৩	স্থলপথে ও আকাশপথে এ্যাম্বুলেন্সের অনুরুপ রেলপথে এ্যাম্বুলেন্স দিয়ে আরো উন্নতভাবে যাত্রী সেবা দেওয়া যায় কিনা সে বিষয়ে সভাতে বিশদ আলোচনা হয়।	ইন্টারসিটি ট্রেনগুলোতে রেলওয়ে এ্যাম্বুলেন্স চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
০৪	বাংলাদেশ রেলওয়ে বিষয়ে যাত্রীগণ যাতে সহজে ও তাৎক্ষণিকভাবে কল সেন্টারে ফোন করে update তথ্য/সেবা পায় সে বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন। কল সেন্টারের জন্য ১৩১ সংখ্যা নির্ধারণ করা হয়েছে ও ট্রেনের প্রতিটি বগিতে সংখ্যাটি স্থাপন করতে হবে মর্মে তিনি সভাকে জানান। এ বিষয়ে রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সিদ্ধান্ত আছে।	বাংলাদেশ রেলওয়ের যাত্রী সেবা উন্নত করার জন্য কল সেন্টার সেল স্থাপন ও ১৩১ সংখ্যাটি ব্যবহারের নিমিত্ত্ব দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে
০৫	স্টেশনে Train স্থির থাকা অবস্থায় ট্রেনের টয়লেট ব্যবহার না করার জন্য যাত্রীদের পরামর্শ দিলেও সেটা প্রতিপালন হচ্ছে না। স্টেশনে অবস্থানরত অবস্থায় টয়লেট ব্যবহার করলে ময়লা যাতে মাটিতে না পড়ে সে বিষয়ে টয়লেটগুলিতে নতুন প্রযুক্তি ব্যবহার করে টয়লেট ব্যবহার উন্নয়ন বিষয়ে আলোচনা হয়।	রেলওয়ের টয়লেটগুলো প্রযুক্তিগত ভাবে উন্নত করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে
০৬	দেশীয় প্রযুক্তিকে কাজে লাগাতে হবে। এ প্রেক্ষিতে রেলওয়ের DEMU Train এ পরীক্ষামূলক ভাবে গ্রামীণ AC ব্যবহার করার বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ রেলওয়ের DEMU Train এ পরীক্ষামূলক ভাবে গ্রামীণ AC ব্যবহার করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে
০৭	বাংলাদেশ রেলওয়ের বগিগুলো আরো সুন্দরভাবে সারণীবিন্যাস (Alignment) করার বিষয়ে আলোচনা হয়। এ ব্যপারে	সহজ ও সুন্দরভাবে নতুন করে ট্রেনের বগি সারণীবিন্যাস (Alignment) করার	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত

-৪২৯

	বাংলাদেশ রেলওয়ে অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান যে, বর্তমানেও বগি সারণীবিন্যাস (**Alignment**) করা হয়। তবে আরো সুন্দরভাবে সাজানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে আশ্বস্ত করেন। এ প্রেক্ষিতে যাত্রীগণ আরো সুন্দর/সহজভাবে ট্রেনে উঠতে ও নামতে পারে সে বিষয়ে আলোচনা হয়।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন)
সচিব, রেলপথ মন্ত্রণালয়,
রেলভবন. ঢাকা